**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**18 May 2025** **7:45 PM IST**

==========================================================================

১) রাজ্য সরকার এবং বিনিয়োগকারীদের মধ্যে ২২ হাজার ৮শো ৯৯ কোটি টাকার চুক্তি সম্পন্ন ।

২) অপারেশন সিন্দুরের অধীনে প্রতিফলিত ভারতের সন্ত্রাসবাদ বিরোধী যুদ্ধ সম্পর্কে নির্বাচিত কয়েকটি দেশকে জানানোর জন্য সর্বদলীয় প্রতিনিধি দলের ৭টি দল আগামী তেসরা জুন বিদেশের উদ্দেশ্যে রওয়ানা । এই প্রতিনিধি দলে আসামের দুই সাংসদ ভূবনেশ্বর কলিতা এবং প্রদান বরুয়া অর্ন্তভুক্ত ।

৩)আপারেশন সিন্দুরের সফলতা এবং দেশের বীর সৈনিকদের বীরগাথা প্রচারের অংশ হিসেবে আকাশবাণীর আজকের সংবাদে লালা রুরেল কলেজের অধ্যক্ষ ডক্টর হিমব্রত চক্রবর্তীর অভিমত।

এবং

৪) রাজ্যে একটি এথলেটিক একাডেমী স্থাপন করা হবে বলে এথলেটিক ফেডারেশন অব ইন্ডিয়ার উপাধ্যক্ষ জয়ন্ত মল্ল বরুয়ার প্রকাশ ।

---

কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা দপ্তরের মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন যে অপারেশন সিন্দুরের অধীনে প্রতিফলিত ভারতের সন্ত্রাসবাদ বিরোধী যুদ্ধ সম্পর্কে নির্বাচিত

কয়েকটি দেশকে জানানোর জন্য সর্বদলীয় প্রতিনিধি দলের ৭টি দল আগামী তেসরা জুন বিদেশের উদ্দেশ্যে রওয়ানা হবে । মোট ৫১ জনের এই দলে আসামের ২ জন সাংসদ রয়েছেন । সামাজিক মাধ্যমে শ্রী রিজিজু এই সর্বদলীয় প্রতিনিধি দলে অর্ন্তভুক্ত সাংসদ এবং অন্যান্যদের তালিকাও প্রকাশ করেছেন ।

বি জে পি সাংসদ বৈজয়ন্ত পান্ডার নেতৃত্বে প্রথম দলটি সৌদি আরব , বাহরেইন , কোয়েত এবং আলজেরিয়া সফর করবে । এই দলে প্রবীন রাজনীতিবিদ গুলাম নবী আজাদ , বি জে পি সাংসদ নিশিকান্ত ডুবে এবং এ আই এম-এর সাংসদ আসাদুদ্দিন ওয়েসিকে অর্ন্তভুক্ত করা হয়েছে ।

ব্রিটেন , ফ্রান্স , জার্মানী , ইউরোপীয়ান ইউনিয়ন ইটালী এবং ডেনমার্ক সফরে যাওয়া দ্বিতীয় প্রতিনিধি দলটিকে বি জে পি সাংসদ রবিশংকর প্রসাদ নেতৃত্ব দেবেন । এই দলে কংগ্রেস সাংসদ ডক্টর অমর সিং , শিবসেনা উদ্ধব পোষ্টীর সাংসদ প্রিয়াংকা চতুর্বেদী এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এম জে আকবরকে অর্ন্তভুক্ত করা হয়েছে ।

জে ডি ইউ-র সাংসদ সঞ্জয় কুমার ঝার নেতৃত্বে তৃতীয় দলটি ইন্দোনেশিয়া , মালয়েশিয়া , দক্ষিণ কোরিয়া , জাপান এবং সিঙ্গাপুর সফর করবে । অন্যান্যদের মধ্যে এই দলে রয়েছেন আসামের বি জে পি সাংসদ প্রদান বরুয়া , তৃণমূল কংগ্রেসের ইউসুফ পাঠান , সি পি আই এম-এর জন ব্রিটাস এবং কংগ্রেস নেতা সলমান খুরসিদ ।

চতুর্থ প্রতিনিধি দলটিকে শিবসেনার সাংসদ শ্রকান্ত একনাথ সিন্ধে নেতৃত্ব দেবেন এবং এই দল সংযুক্ত আরব আমীরশাহী , লাইবেরিয়া , কংগো , সিয়েরা লিয়ন সফর করবে । বি জে পি-র বাসুরি স্বরাজ , বি জে ডি-র সস্মিত পাত্র , আই ইউ এম এল-এর সাংসদ ই টি মহম্মদ বসির এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এস এস আহলুওআলিয়াকে অর্ন্তভুক্ত করা হয়েছে ।

কংগ্রেস সাংসদ শশী থারুরের নেতৃত্বে পঞ্চম দলটিতে আসামের সাংসদ ভুবনেশ্বর কলিতা , জে এম এম-এর সাংসদ জি এম হরিশ বালাযোগী এবং শিবসেনার সাংসদ মুরলী দেওরাকে অর্ন্তভুক্ত করা হয়েছে । এই দলটি আমেরিকা যুক্তরাষ্ট্র , পানামা , গায়ানা , ব্রাজিল এবং কলম্বিয়া সফর করবে ।

ষষ্ঠ প্রতিনিধি দলটিকে ডি এম কের সাংসদ কানিমাঝি করুণানিধি নেতৃত্ব দেবেন । নেশন্যাল কনফারেন্সের সাংসদ মিয়ান আলতাফ আহমেদ , সমাজবাদী পার্টীর সাংসদ রাজীব রায় এবং আর জে ডি সাংসদ প্রেমচান্দ গুপ্তাও এই দলে রয়েছেন । দলটি স্পেইন , গ্রীস , শ্লভেনিয়া , লাটভিয়া এবং রাশিয়া ভ্রমণ করবে ।

সপ্তম প্রতিনিধি দলটিকে নেতৃত্ব প্রদানে দায়িত্ব এন সি পি শারদ পাওয়ার গোষ্ঠীর সাংসদ সুপ্রীয়া সুলেখকে দেওয়া হয়েছে । এই দলে রয়েছেন বি জে পি-র রাজীব প্রতাপ রুডি , বি জে পি-র অনুরাগ সিং ঠাকুর , প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ভি মুরলীধরণ এবং কংগ্রেস সাংসদ মনিশ তেওয়ারী । এই দলটি ইজিপ্ট , কাতার , ইথওপিয়া এবং দক্ষিণ আফ্রিকা সফর করবে ।

---

অপারেশন সিন্দুর এবং এর পরবর্তী দিনগুলিতে ভারতীয় সেনাবাহিনীর লাভ করা সাফল্যের বিষয়ে জনসাধারণকে পরিচয় করিয়ে দিতে আকাশবানীর সংবাদ বিভাগ বেশ কিছু অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করেছে । এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্র থেকেও বরাক উপত্যকার প্রাক্তন সৈনিক , তাদের পরিবার এবং সমাজের নেতৃস্থানীয় লোকেদের মতামত প্রচারের প্রয়াস করা হচ্ছে । আজ এই অনুষ্ঠানে অপারেশন সিন্দুর নিয়ে লালা রুরেল কলেজের অধ্যক্ষ ডক্টর হিমব্রত চক্রবর্তী আমাদের হাইকাকান্দি সংবাদদাতাকে জানান

--------বাইট ---------

---

রাজ্যে একটি এথলেটিক একাডেমী স্থাপন করা হবে । এথলেটিক ফেডারেশন অব ইন্ডিয়ার উপাধ্যক্ষ জয়ন্ত মল্ল বরুয়া সামাজিক মাধ্যমযোগে এ কথা জানিয়েছেন । রাজ্যের প্রতিভাসম্পন্ন খেলোয়াড়দের প্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে রাজ্য সরকার এবং আসাম এথলেটিক এশোসিয়েসনের উদ্যোগে এই একাডেমী স্থাপন করা হবে । শ্রী বরুয়া আজ এশোসিয়েশনের আধিকারিক , প্রাক্তন ক্রীড়াবিদ তথা প্রশিক্ষক সহ

সংশ্লীষ্টদের নিয়ে সরুএজাই অঞ্চলে উপযুক্ত স্থানের জরীপ চালান । বিভিন্ন ক্ষেত্রের উন্নয়নের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যের ক্রীড়া ক্ষেত্রেরেও ইতিবাচক পরিবেশ গড়ে তোলার উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

---

একাদশ ভাষা শহীদদের শ্রদ্ধা জানাতে আজ বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে পথ নাটক , স্কুল কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে উনিশের চেতনা জাগ্রত করতে বিভিন্ন অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করা হয়েছে ।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে ভাষা শহিদ দিবস ১৯শে মে-র প্রাক কালে আজ শিলচর বঙ্গভবনে উনিশের আবাহন শীর্ষক একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । আজকের অনুষ্ঠানে ১৯৬১ সালের ভাষা আন্দোলনে অংশগ্রহনকারী নিলীমা বিশ্বাস , প্রয়াতা সুমিত্রা ঘোষ , প্রয়াত মৃনাল কান্তি দত্ত বিশ্বাস ,এবং ১৯৭২ সালের ছাত্র ও যুব নেতা মকব্বর আলি ও সুব্রত দেবরায়-কে বিশেষ সংবর্ধনা জানানো হয়েছে । মৃনাল কান্তি দত্ত বিশ্বাস ও সুমিত্রা ঘোষকে মরনোত্তর সম্মাননা প্রদান করা হয়েছে । অনুষ্ঠানে আসাম বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ডক্টর শুভ্রা নাগ মূখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ।

বিকেলের বঙ্গভবনের সম্মুখে রাস্তা জুড়ে আলপনা আঁকা হয়েছে । সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---

এদিকে আগামীকাল ভাষা শহীদদের শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও , মহিলা সংগঠন এ আই এম এস এস এবং কিশোর-কিশোরীদের সংগঠন কমসোমলের উদ্যোগে আগামীকাল শহরের বিভিন্ন স্থানে পথ নাটিকা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হবে ।

দুপুরে ভাষা শহীদ বেদীর পাদদেশ থেকে একটি র‍্যালী বের হয়ে শহর পরিক্রমা করে ক্ষুদিরাম মূর্তির পাদদেশে গিয়ে শেষ হবে ।

---

ভাষা শহীদদের স্মরণে আজ হাইলাকান্দি জেলা স্বাস্থ্য সমিতি ও ব্লাড সেন্টারের যৌথ উদ্যোগে এবং বরাক ভ্যালী ব্লাড ডোনার্স ও ব্লাড ফাইটার্স-এর সহযোগীতায় হাইলাকান্দিএস কে রায় সিভিল হাসপাতালে স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । শিবির শুরুর আগে একাদশ ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে ।